তারিখ 07 APR 1996
পৃষ্ঠা ৪২ কলাম ৭

দৈনিক বাংলা

# ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভবন নির্মাণে ব্যাপক অনিয়ম

নিজস্ব সংবাদদাতা ঃ ঝিনাইদহ।— ইসলামী বিশ্ববিদ্যালয়ের নব-নির্মিত ভবনগুলোতে বড় বড় ফাটল দেখা দিয়েছে। এক কোটি ৫৭ লাখ ৬৩ হাজার টাকা ব্যয়ে দোতলা প্রশাসনিক ভবনের নির্মাণ কাজ শেষ হবার ৬ মাস পার না হতেই ভবনটির দেয়ালে বড় আকারের ফাটল দেখা দিয়েছে।

ফলে ভবনটি যে কোন সময় ধসে পড়তে পারে বলে আশংকা করা হচ্ছে। ভিসি অফিস সহ এ ভবনের অধিকাংশ কক্ষের দেয়াল ও ছাদে নোনা লাগার কারণে দেওয়ালে দেয়া ডিসটেম্পার সহ প্লাস্টার ঝরে যাচ্ছে। গত বর্ষা মওসুমে এই প্রশাসনিক ভবনের দোতালার, ছাদ দিয়ে পানি চুয়ে বিভিন্ন কক্ষের দেয়াল-গুলোর অত্যন্ত ক্ষতি হয়েছে।

এছাড়া ২ কোটি ৩২ লাখ টাকা ব্যয়ে ২ ব্লকের ৪তলা সাদ্দাম হোসেন হলের বহু জায়গায় বড় ধরনের ফাটল দেখা গেছে। হলের ছাত্ররা জানায়, ফাটলের ব্যাপারে কর্তৃপক্ষকে একাধিকবার জানান হয়েছে। কিন্তু এখনও কর্তৃপক্ষ কোন ব্যবস্থা গ্রহণ করেননি।

অপরদিকে সমাজ বিজ্ঞান অনুষদ ভবনের মূল সিঁড়িতে বহু ফাটলের সৃষ্টি হয়েছে এবং সিঁড়ির ধাপগুলো ভেঙে গেছে। ফলে সিঁড়ি দিয়ে ওঠানামা করার সময় ছাত্রদের দুর্ঘটনায় পড়তে হচ্ছে।

এদিকে ৪ লাখ টাকা ব্যয়ে বিশ্ববিদ্যালয়ের ভিতরের রাস্তার আংশিক পাকা করার এক পক্ষ কালের মধ্যেই পীচ থেকে পাথর বেরিয়ে গেছে। ফলে এক মাসের মধ্যে রাস্তার বহু জায়গায় বড় বড় খাদের সৃষ্টি হয়েছে।

উল্লেখ্য, এ সমস্ত ভবন ও রাস্তা নির্মাণকারী ঠিকাদারদের এলাকার বিভিন্ন মাস্তান এবং বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা উন্নয়ন পরিচালককে বিশেষ এক পদ্ধতিতে শতকরা হারে চাঁদা দিতে হয় বলে অভিযোগ রয়েছে। এজন্যে ঠিকাদাররা প্রকল্পগুলো বাস্তবায়নের সময় চরম দুর্নীতির আশ্রয় নেয়ার জন্যে নির্মাণ কাজে অনিয়ম করে থাকে।